847 500 Rs.

INDIA NON JUDICIAL

५०० रु. Rs500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

Admissible under rule 21 and ... under section 14.0 W.B.L.R tenancy act duly stamped under the Indian Stamp Act, 1899 Schedule I. A. No. 45 ... Fee Paid... Process Fee ... C.F.S

A 313.50
N 2.50
316.00

Joint Sub-Registrar of Alipore at Behala.

## বন্টন নামা বা পার্টিশান দলিল

**প্রথম পক্ষ ঃ—**

১। শ্রী নেপাল চন্দ্র রায় চৌধুরী, পিতা ঁহরিলাল রায় চৌধুরী
জাতি হিন্দু, পেশা বিষয় ভোগী, সাকিম বড়িশা, থানা বেহালা
সবরেজেষ্ট্রি আলিপুর, জেলা ২৪ পরগণা।

**দ্বিতীয় পক্ষ ঃ—**

২। শ্রী প্রশান্ত কুমার রায় চৌধুরী —
৩। শ্রী জয়ন্ত কুমার রায় চৌধুরী —
উভয়ের পিতা ঁভূপাল চন্দ্র রায় চৌধুরী —
৪। শ্রীমতী বাসন্তী দেবী, স্বামী —
ঁভূপাল চন্দ্র রায় চৌধুরী, ২,৩,৪ নং
জাতি হিন্দু, পেশা বিষয় ভোগী, সাকিম
বড়িশা, থানা বেহালা, সবরেজেষ্ট্রি আলিপুর,
জেলা ২৪ পরগণা।

Scanned with CamScanner

Nihil Bhusan Mazumdar
Alipore Judges Court

Mihir Roy Chowdhury

REGISTRAR OF ALIPORE AT BEHALA OFFICE OF THE JOINT SUB

Presented for registration ... in the office of Sub-Registrar Allipore at Behala by Nepal Chandra Roy Chowdhury
Executing Claimant or Attorney

Joint Sub-Registrar
Allipore at Behala.
2/3/70.

1. Nepal Chandra Ray Chowdhury S/o Lt Harilal Ray Chowdhury
2. Prasanta Kr. Ray Chowdhury
3. Jayanta Kr. Ray Chowdhury S/o Lt Nepal Chandra Ray Chowdhury
4. Basanti Devi W/o Lt Nepal Ch. Ray Chowdhury
5. Sribat Chandra Ray Chowdhury
Son/Wife of Lt Harilal Ray Chowdhury
All of Barisha
Thana Behala
District 24 Pgs
by Caste Hindu
by profession Landholder

Mihir Roy Chowdhury

2/3/70

1074
Prasanta Kumar Roy Chowdhury

1075
Jayanta Kumar Roy Chowdhury

Nirmal Kumar Ray Chowdhury
Son/Wife of Nepal Chandra Ray
1/5 K.K. Ray Chowdhury Rd.
Thana Behala
District 24 Pgs
by Caste Hindu
by profession Business

Nirmal Kumar Ray Chowdhury

Joint Sub-Registrar
Allipore at Behala.
2/3/70.

Scanned with CamScanner

100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

Nikhil Ch Roy Chowdhury
Prasanta Kumar Roychowdhury
Jayanta Kumar Roy Chowdhury
Basanti Debi
Subal Ch Roychowdhury

তৃতীয় পক্ষ ঃ – ৫। শ্রী সুবল চন্দ্র রায় চৌধুরী, পিতা ৺হরি দাস রায় চৌধুরী জাতি হিন্দু, পেশা বিষয় ভোগী, সাকিন বড়িষা, থানা – বেহালা, সবরেজেষ্ট্রি আলিপুর, জেলা ২৪ পরগণা।

মোট বিভাজ্য সম্পত্তির মূল্য ৭৭৭৯৯ টাকা

উহার $\frac{১}{৩}$ অংশের মূল্য ............ ২৫৯৩৩ টাকা

বস্য শুভ বনটন নামা বা পার্টিশান দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ – জেলা ২৪ পরগণা থানা বেহালার অন্তর্গত মৌজা সারবেলাট গ্রামের ডিষ্ট্রিক্ট – সেটেলমেন্টের ২৯২১১ নং খতিয়ান ভুক্ত ১৩৩ নং দাগের ১ – ১৩ শতক নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্ত্বের বাস্তু জমি মায় পুষ্করিনী ১ ও ৫ নং দলিল দাতা ও ২।৩।৪ নং

Scanned with CamScanner

1

5385
Mr. Bhati Bhusan Mazumder Adv.
Alipur Judges Court.

12.8.08.

1076

Basanti Debi


Joint Sub-Registrar of
Allpore at Behala.

1077

Subal Ch Ray Chowdhury

Scanned with CamScanner

20Rs.




Nihar... Roy Chowdhury
Prasanta Kumar Roy Chowdhury
Jayanta Kumar Roy Chowdhury
Basanti Debi
Subol Ch Roychowdhury

৩ নং দলিল দাতা গনের পূর্ব্বাধিকারী মৃত ভূপাল চন্দ্র রায় চৌধুরী ও তাঁহাদের অন্যান্য সরিক গনের এজমালি সম্পত্তি থাকে এবং ঐ সারকেলাট মৌজার ১৯০ নং খতিয়ান ভুক্ত ১৩০ নং দাগে -৯২ শতক বাগান জমির মধ্যে উহার দক্ষিনাংশে চিহ্নিত কমবেশ -৩০ শতক বাগান জমি যাহা অত্র দলিলের ১নং ও ৫ নং দলিল দাতাগনের পিতা ও ২,৩,৪ নং দলিল দাতাগনের পূর্ব্বাধিকারী ঁভূপাল চন্দ্র রায় চৌধুরীর পিতা ঁহরি লাল রায় চৌধুরীর নিজ খরিদা খাস দখলি জমি হইতেছে উহা বাদে ঐ দাগের অবশিষ্ট জমি ও অন্যান্য বহুত্র সম্পত্তি উক্ত ১নং ,৫ নং ও ২,৩,৪ নং দলিল দাতাগনের পূর্ব্বাধিকারী মৃত ভূপাল চন্দ্র রায় চৌধুরীর অন্যান্য সরিক গনের সহিত এজমালি সম্পত্তি থাকে ।

পরে উক্ত এজমালি সম্পত্তি সকল সরিক গনের সহিত এজমালিতে

4RS

INDIA

चार रुपया

चार रुपया

FOUR RUPEES भारत FOUR RUPEES



যৌথ ভাবে ভোগ দখল করিবার অসুবিধা হওয়ায় তাঁহাদের মধ্যে অন্যতম সরিক বড়িষা নিবাসী শ্রী হরেন্দ্র নাথ মুখার্জির পত্নী শ্রীমতী - নীহার বালা দেবী বাদী স্বরূপে রাখাল চন্দ্র রায় চৌধুরী দিগর বিবাদীগনের বিরুদ্ধে সমস্ত এজমালি সম্পত্তি পক্ষ গনের অংশ মত চিহ্নিত বিভাগ বনটন করিয়া লইবার জন্য জেলা ২৪ পরগণা আলিপুরের দ্বিতীয় সবজজ আদালতে সন ১৯৪৪ সালের ১৫৫ নং একটি দেওয়ানী 'পার্টিশান' মোকদ্দমা আনয়ন করেন, উক্ত মোকদ্দমায় প্রাথমিক ডিক্রীর পর আদালত হইতে আলিপুর জজ কোর্টের সার্ভে পাশ উকীল শ্রী জীবন কৃষ্ণ ঘোষ মহাশয় কমিশনার নিযুক্ত হইয়া নালিশী জমি জমা ভ্যালুয়েশন করিয়া পক্ষ গনের অংশ মত বিভাগ বনটন করিয়া ও পক্ষগনের এলোটমেন্ট গুলির নকসা প্রস্তুত করিয়া ভিন্ন ভিন্ন রং ও সংখ্যা দ্বারা প্রদর্শিত করিয়া

একটি রিপোর্ট দাখিল করেন , পরে উক্ত রিপোর্ট ও ২।৫।৪৭ তারিখের দাখিলী একটি সোলেনামা দরখাস্ত লিখিত সর্তানুযায়ী আদালত হইতে ১৪।৫।১৯৪৯ তারিখে উক্ত মোকদ্দমায় চূড়ান্ত ডিক্রী প্রচারিত হয় এবং উক্ত মোকদ্দমার পক্ষ গণ নিজ নিজ অংশে আদালত সাহায্যে যথারীতি দখল লইয়া নিজ নিজ অংশে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে পৃথক চিহ্নিত ভাবে স্বত্ববান ও দখলিকার আছেন ।

উক্ত পার্টিশান মোকদ্দমায় অত্র দলিলের প্রথম পক্ষ শ্রী নেপাল চন্দ্র রায় চৌধুরী দ্বিতীয় পক্ষ গনের পূর্ব্বাধিকারী অধুনা মৃত ভূপাল চন্দ্র রায় চৌধুরী ওতৃতীয় পক্ষ শ্রী সুবল চন্দ্র রায় চৌধুরী যথাক্রমে ৫,৬ ও ৭ নং বিবাদী ছিলেন । উক্ত পার্টিশান ডিক্রীর একাংশীভূত নক্সা ম্যাপ নং ১ ও কমিশনার বাবুর রিপোর্টে দেখা যাইবে যে - ম্যাপ নং ১ এ প্লট নং ৪, প্লট নং ৯ এ প্রদর্শিত বাস্তু বাড়ীর অংশ ও জমি ও প্লট নং ১০ এ প্রদর্শিত পুস্করিনী ঐ মোকদ্দমার ৫,৬,ও ৭ নং বিবাদীকে যৌথ ভাবে এলোট করা হইয়াছে । ও ঐ পার্টিশান ডিক্রির একাংশীভূত নক্সা ম্যাপ নং ২ ও কমিশনার বাবুর রিপোর্টে দেখা যাইবে যে ম্যাপ নং ২ এ প্লট নং ১১, প্লট নং ১৭ ও প্লট নং ২০ এ প্রদর্শিত বাগান পুস্করিনী ইত্যাদির অংশ ঐ মোকদ্দমায় ৫,৬ ও ৭ নং বিবাদীকে যৌথ ভাবে এলোট করা হইয়াছে । ম্যাপ নং ২ এ আরও দেখা

যাইবে প্লট নং ১১'র দক্ষিণে প্রদর্শিত একটি প্লট ঐ ৫,৬ ও ৭ নং বিবাদীগণের পিতার খরিদা এবং ঐ মোকদ্দমায় পার্টিশনের বহির্ভূত বলি বলিয়া দেখান যাচ্ছে। ৫,৬ ও ৭ নং বিবাদীগণ উক্ত প্লট গুলিতে যাবতীয় স্বত্ব দখল লইয়া বেনামিতে ভুক্তাংশে দখলকার ও ভোগ দখল করিতেছিলেন।

প্রকাশ থাকে যে ম্যাপ নং ১ এ প্রদর্শিত প্লট নং ৪ বর্তমানে শ্রীমতী বিলাসিনী দাসী অদ্য দলিলের পক্ষগণের অনুমতি সূত্রে দখল করিতে থাকায় উহা এক্ষণে পার্টিশন হইল না এবং ঐ প্লটটি বেনামি রহিল।

পরে উক্ত ৬ নং বিবাদীর মৃত্যু হওয়ায় তাঁহার উপরোক্ত প্লট গুলিতে অবিভক্ত এক তৃতীয়াংশ তাঁহার দুই পুত্র শ্রী প্রশান্ত কুমার রায় চৌধুরী ও শ্রী জয়ন্ত কুমার রায় চৌধুরী ও স্ত্রী শ্রীমতী বাসন্তী দেবীতে বর্তায়, তাঁহারা অদ্য দলিলে ২,৩ ও ৪ নং দলিল দাতা বা একত্রে দ্বিতীয় পক্ষ হইতেছেন। সেমতে উপরোক্ত প্লট গুলিতে অদ্য দলিলের প্রথম পক্ষের অবিভক্ত এক তৃতীয়াংশ, দ্বিতীয় পক্ষের একত্রে এক তৃতীয়াংশ ও তৃতীয় পক্ষের এক তৃতীয়াংশ হইতেছে।

এক্ষণে অদ্য দলিলের পক্ষগণ আমরা উপরি লিখিত প্লট গুলির মধ্যে ম্যাপ নং ১ এ প্রদর্শিত ৯ ও ১০ নং প্লট ও ম্যাপ নং ২ এ প্রদর্শিত

৭

Nirmal Chandra Roy Chowdhury
Prasenjit Kumar Roy Chowdhury
Jayanta Kumar Roy Chowdhury
Basanti Debi
Subal Ch Roy Chowdhury

১১ নং প্লট ও তাহার দক্ষিণ দিকে অবস্থিত আমাদিগের খাস খরিদা জমি এজমালিতে যৌথ ভাবে ভোগ দখল করিবার অসুবিধা হওয়ায় আমরা ঐ প্লট গুলি অর্থাৎ ৯,১০ ও ১১ নং প্লট ও সেবোক্ত প্লটের দক্ষিনের খাস খরিদা জমি নিজের নিজের অংশ মত পৃথক চিহ্নিত ভাবে বিভাগ বন্টন করিয়া লইবার মানসে আলিপুর জজ কোর্টের সার্ভে পাস এ্যাডভোকেট শ্রী বিভূতি ভূষণ মজুমদার মহাশয়ের দ্বারা ঐ প্লট গুলি মাপাইয়া ভ্যালুয়েশান করাইয়া তাঁহার দ্বারা আমাদের পরস্পরের সুবিধা ও পছন্দ মত পৃথক চিহ্নিত মত এলটমেন্ট করাইয়া নকসা প্রস্তুত করাইয়াছি। এক্ষনে উক্ত এলটমেন্ট অনুযায়ী আমাদের মধ্যে একটি পার্টিশান বা বন্টন নামা দলিল সহি সম্পাদন ও রেজেস্ট্রি করিয়া লওয়া বিশেষ আবশ্যক বিবেচনায় আমরা অত্র দলিলের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পক্ষ অত্র পার্টিশান দলিল লিখিত পঠিত সহি সম্পাদন ও রেজেস্ট্রি করিয়া দিয়া স্বীকার অঙ্গীকার ও প্রচার করিতেছি যে ঃ –

অত্র দলিলের প্রথম পক্ষ শ্রী নেপাল চন্দ্র রায় চৌধুরী তাঁহার এক তৃতীয়াংশে উপরি উক্ত পার্টিশান মোকদ্দমার ২ নং ম্যাপের ১১ নং প্লট ও উহারদক্ষিন দিকস্থ খাস খরিদা জমির মধ্যে উহার মধ্য দিয়া ১৬'ফুট চওড়া একটি কমন প্যাসেজ ও দক্ষিন পশ্চিম কোনে ৴২৷৷৵০ দুই কাঠা দশ ছটাক জমি

Scanned with CamScanner

যাহা দ্বিতীয় পক্ষকে দেওয়া হইয়াছে এবং উহার পূর্ব্বাংশে এবং কমন প্যাসেজের দক্ষিন পূর্ব্ব কোন সংলগ্ন একটি দুই ছটাক পরিমিত টুকরা প্লট যাহা তৃতীয় পক্ষকে দেওয়া হইয়াছে উহা বাদে বক্রি মোট ৮৩।৶০৩১ আঠার কাঠা ছয় ছটাক একত্রিশ স্কোয়ার ফিট জমি যাহা অত্র সংলগ্ন এবং এই দলিলের একাংশরূপে গন্য নক্সায় 'এ' অক্ষর ও লাল রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইল উক্ত জমি সায় তদুপরিস্থিত সাম পাট আওলাতাদি সবৃক্ষাদি সায় উহার দক্ষিন দিকের প্রাচীর সহ সায় সর্ব্ব বিধ ইজমেন্ট সুত্বাদি সমেত দরবস্ত হক হকুক পৃথক চিহ্নিত ভাবে নির্ব্যূঢ় সুত্বে একাদেক অন্যের বিনা সুত্ব সংশ্রবে ষোল আনা রূপে প্রাপ্ত হইলেন তাঁহার প্রাপ্ত অংশ অত্র দলিলের।ক। তপশীলে বিশেষ রূপে বর্নিত হইল। প্রথম পক্ষের প্রাপ্ত সম্পত্তির মূল্য ২৫৬৮৫ – ৫০ পঃ টাকা ধার্য্য হইল।

অত্র দলিলের ২য় পক্ষ অর্থাৎ ২,৩ ও ৪ নং দলিল দাতা শ্রী প্রশান্ত কুমার রায় চৌধুরী, শ্রী ময়ূন্ত কুমার রায় চৌধুরী ও শ্রীমতী বাসন্তী দেবী একত্রে যৌথ ভাবে তাঁহাদের মোট এক তৃতীয়াংশে উপরি উক্ত পার্টিশান মোকদ্দমার ১নং ম্যাপের ৯নং প্লটের পূর্ব্বাংশের 'সীতাপতির ঘরের অসু জমি বাদে' /২৸৶১৪ দুই কাঠা চৌদ্দ ছটাক চৌদ্দ স্কোয়ার ফিট পরিমাণ বাস্তু জমি ও তদুপরিস্থিত পাকা – দ্বিতল ইমারত বাস্তু বাটীর অংশ এবং ঐ ১নং ম্যাপের ১০নং প্লটের 'পুষ্করিনী' দক্ষিনাংশে /৪৷৷৶৯ চারি কাঠা এগার ছটাক নয় স্কোয়ার ফিট পরিমান পুষ্করিনী ভুক্ত জমি ও ঐ মোকদ্দমার ২নং ম্যাপের দক্ষিনাংশে প্রদর্শিত ৫,৬ ও ৭ নং –

৯

Nilmani Roy Chowdhury
Kamal Krishna Roy Chowdhury
Jayanta Kumar Roy Chowdhury
Basanti Debi
Subal Ch Roy Chowdhury

বিবাদীগণের খরিদা খাস দখলী বাগান জমির মধ্য হইতে উহার দক্ষিন পশ্চিম কোনে অবস্থিত ।২॥৵০ দুই কাঠা দশ ছটাক পরিমান খাস জমি এই তিন বন্দে একুনে ॥০৶২৩ দশ কাঠা তিন ছটাক তেইশ — স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত সাজ পাট আওলাতাদি পাকা দ্বিতল গৃহাদি সবৃক্ষাদি মায় সর্ব্ববিধ ইজমেন্ট সুত্বাদি সমেত দরবস্ত হক হকুক পৃথক চিহ্নিত ভাবে নির্ব্যূঢ় সৃত্বে অন্যের বিনা স্বত্ব সংস্রবে ষোল আনা রূপে ন্যায্যাংশে প্রাপ্ত হইলেন। তাঁহাদের প্রাপ্ত অংশ অত্র দলিল সংলগ্ন ও এই দলিলের একাংশ রূপে গন্য নকসায় 'বি' অক্ষর ও সবুজ রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইল এবং অত্র দলিলের ।খ। তপশীলে বিশেষ রূপে বর্নিত হইল। দ্বিতীয় পক্ষের প্রাপ্ত সম্পত্তির মোট মূল্য ২৫৯১০, টাকা ধার্য্য হইল।

অত্র দলিলের তৃতীয় পক্ষ শ্রী সুবল চন্দ্র রায় চৌধুরী তাঁহার এক তৃতীয়াংশে উপরি উক্ত পার্টিশান মোকদ্দমার ১ নং ম্যাপের ৯নং প্লটের পশ্চিমাংশে — ।৩।৶৪১ তিন কাঠা সাত ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট পরিমান বাস্তু জমি ও তদুপরিস্থিত পাকা দ্বিতল ইমারত বাস্তু বাটির অংশ এবং ঐ ১নং ম্যাপের ১০নং প্লটের 'পুষ্করিনী' উত্তরাংশে ।৪৲২৯ চারি কাঠা বার ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট পরিমান পুষ্করিনী ভুক্ত জমি ও পার্টিশান ডিক্রীর ২নং ম্যাপের ১১ নং প্লট ও খাস খরিদা জমির পূর্ব্বাংশে 'ই' প্লটের কমন প্যাসেজের দক্ষিন পূর্ব্ব কোনে অবস্থিত এক টুকরা ।৵০ দুই ছটাক পরিমিত জমি এই তিন বন্দে একুনে ।৩।৵২৫ আট কাঠা ছয় ছটাক পচিশ স্কোয়ার ফুট জমি মায় তদুপরিস্থিত পাকা দ্বিতল —

Scanned with CamScanner

ইমারত বাটী সাজ পাট আওলাতাদি সবৃক্ষাদি সায় সর্ব্ব বিধ ইজমেন্ট স্বত্বাদি সমেতদরবস্তু হক হকুক পৃথক চিহ্নিত ভাবে নির্ব্যূঢ় স্বত্বে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে একাএক ষোল আনা রূপে প্রাপ্ত হইলেন। তাঁহার প্রাপ্ত অংশ অত্র সংলগ্ন ও এই দলিলের একাংশ রূপে গন্য নকসায় 'সি' অক্ষর ও হরিদ্রা রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইল এবং অত্র দলিলের ।গ। তপশীলে বিশেষ রূপে বর্ণিত হইল। তৃতীয় পক্ষের প্রাপ্ত সম্পত্তির মোট মূল্য ২৬২০৩-৫০ পঃ টাকা ধার্য্য হইল।

পক্ষ গণ নিজ নিজ প্রাপ্ত অংশ ব্যতীত অপর পক্ষের প্রাপ্ত অংশের উপর কোনও রূপ দাবী দাওয়া বা কোনও রূপ ইজমেন্ট স্বত্বের দাবী করিতে পারিবেন না। পক্ষ গণ তাঁহাদের নিজ নিজ অংশে প্রাপ্ত সম্পত্তিতে অদ্য হইতে এক বৎসরের মধ্যে নিজ নিজ প্রয়োজন মত সিঁড়ি, ইলেকট্রিক, জল কল, পথ পাইখানা ইত্যাদির পৃথক পৃথক ব্যবস্থা করিয়া স্বয়ং সম্পূর্ন করিয়া লইবেন। এই এক বৎসর পর্য্যন্ত বর্ত্তমান ব্যবস্থা প্রচলিত থাকিবে।

প্রকাশ থাকে যে বাঁটোয়ারা কৃত সম্পত্তির পূর্ব্ব দিকে অর্থাৎ রাস্তার দিকের পুষ্করিনী ও বাস্তু প্লটের উত্তর গা দিয়া জগৎ রায় চৌধুরী রোড হইতে আরম্ভ করিয়া উহার পশ্চিম সীমানা পর্য্যন্ত একটি ১৬' ফুট প্রশস্ত পথ রাখা হইয়াছে ঐ পথ পরে ঈষৎ উত্তর পশ্চিম অভিমুখে ঘুরিয়া পিছন দিকের বাগান প্লটের মধ্য দিয়া ১৬ ফুট প্রশস্ত রূপে পশ্চিমাভিমুখে অত্র সহ -

Scanned with CamScanner

11
Basanti Kumari Roy Chowdhury
Gayanta Kumar Roy Chowdhury
Basanti Debi
Subal Ch. Roy Chowdhury

অত্র সহ সংলগ্ন নকসায় প্রদর্শিত মত রাখা হইয়াছে। উক্ত সম্পূর্ন ১৬ ফুট প্রসস্ত কমন প্যাসেজ পক্ষ গনের তুল্যাংশে এজমালি দখলে রহিল। পক্ষ গণ উক্ত পথ নির্মাণের ও বহাল রাখিবার যাবতীয় খরচা তুল্যাংশে বহন করিবেন। যদি কোনও পক্ষ খরচা দিতে অস্বীকার করেন অপর পক্ষ বা পক্ষ গণ তাহা আদালত সাহায্যে আদায় করিতে পারিবেন। উক্ত কমন প্যাসেজের উপর দিয়া পক্ষ গণ যাতায়াত করিতে ও জল কল – ইলেকট্রিক, ড্রেন, গ্যাস ইত্যাদি লইতে পারিবেন ও উক্ত কমন প্যাসেজের এক পার্শ্বে দিয়া জল নিকাশী পাকা মোট ১ ফুট চওড়া ড্রেন নির্মান করিতে পারিবেন। কিন্তু উক্ত প্যাসেজের কোন অংশের উপর এনক্রোচ করিতে পারিবেন না, উহা আকাশের দিকে সম্পূর্ণ উন্মুক্ত রাখিতে হইবে। কোন পক্ষের যদি ইলেকট্রিক লাইন বা জল বা গ্যাসের বা ড্রেনের পাইপ ইত্যাদি লইবার জন্য সাময়িক ভাবে উক্ত পথের কোনও অংশ খনন করিবার আবশ্যক হয় তবে উক্ত কার্য্য সমাধার পর যত শীঘ্র সম্ভব উহা মেরামত করিয়া পূর্ব্বাবস্থায় আনিয়া দিতে বাধ্য থাকিবেন, উক্ত পথের জমি অত্রদলিল সংলগ্ন নকসায় 'ডি' অক্ষর ও বারণ্ট সিয়েনা রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইল।

আরও প্রকাশ থাকে যে পূর্ব্ব লিখিত পার্টিশান মোকদ্দমার ডিক্রী সংলগ্ন ১নং ম্যাপের আমাদের অংশে প্রাপ্ত ৪ নং প্লট ও ২ নং ম্যাপে আমাদের অংশে প্রাপ্ত ২০নং প্লট বর্ত্তমানে বিভাগ বন্টন করিবার অসুবিধা থাকায় উহা –

Scanned with CamScanner

Niharendra Chowdhury
Ravendra Kumar Roychowdhury
Jayanta Kumar Roychowdhury
Basanti Debi
Subal Ch. Roychowdhury

এক্ষনে এজমালি রহিল। আমাদের অংশে প্রাপ্ত ১৭নং প্লটটী আমরা ইতিপূর্ব্বে সকলে মিলিয়া বিক্রয় করিয়া ফেলিয়াছি সুতরাং এই তিনটী প্লট অত্র দলিলের দ্বারা পার্টিশান হইল না।

আরও প্রকাশ থাকে যে পার্টিশান কৃত পুষ্করিনী ও বাস্তু বাড়ী হাল রিভিসনাল সেটেলমেন্টের মৌজা সারকেলাট গ্রামের যথাক্রমে ১৩৩ ও $\frac{১৩৩}{৮৪১}$ নং দাগে প্রথম পক্ষের নামে ৬০৬ নং খতিয়ানে তাঁহার $\frac{১}{৩}$ অংশ — দ্বিতীয় পক্ষের মধ্যে প্রশান্ত ও জয়ন্তর নামে ৬০৮ ও ৬০৯ নং খতিয়ানে দ্বিতীয় পক্ষের $\frac{১}{৩}$ অংশ ও তৃতীয় পক্ষের নামে ৬০৭ নং খতিয়ানে তাঁহার $\frac{১}{৩}$ অংশ রেকর্ড হইয়াছে। বাস্তুর পিছনের বাগান বা ডাঙ্গা উক্ত সারকেলাট মৌজার $\frac{১৩০}{৮৪৫}$ দাগে প্রথম পক্ষের নামে ৬২০ নং খতিয়ানে তাঁহার $\frac{১}{৩}$ অংশ দ্বিতীয় পক্ষের মধ্যে প্রশান্ত ও জয়ন্তর নামে ৬১৯ নং ও ৬১৮নং খতিয়ানে দ্বিতীয় পক্ষের $\frac{১}{৩}$ অংশ ও তৃতীয় পক্ষের নামে ৬২১ নং খতিয়ানে তাঁহার $\frac{১}{৩}$ অংশ রেকর্ড হইয়াছে। রিভিসনাল সেটেলমেন্টের উক্ত খও খতিয়ান গুলিতে কেবল মাত্র পক্ষ গনের অংশ দেখান হইয়াছে উক্ত দাগ গুলি বিভাগ বন্টন হয় নাই। এক্ষনে অত্র বাঁটোয়ারা দলিলের দ্বারা উপরোক্ত দাগ গুলি উপরি লিখিত ভাবে চিহ্নিত পৃথক রূপে বাঁটোয়ারা হইয়া পক্ষ গণ তাঁহাদের পৃথক পৃথক অংশে যে যে দাগের সম্পত্তি যে পরিমান প্রাপ্ত হইলেন তদনুযায়ী — জেলা ২৪ পরগণা কালেকটারের অধীন বড়িষা জে, এল, আর, ও, অফিসে নিজ নিজ নাম পত্তন পূর্ব্বক রেকর্ড সংশোধন করাইয়া লইবেন।

Scanned with CamScanner

*Nihar Ch Roy Chowdhury*
*Prasenjit Kumar Roy Chowdhury*
*Gyanda Kumar Roy Chowdhury*
*Basanti Debi*
*Subal Ch Roy Chowdhury*

বাঁটোয়ারা কৃত সম্পত্তির মোট মূল্য ৭৭৭৯৯,টাকা 'সাতাত্তর হাজার সাত শত নিরানব্বই টাকা হইতেছে এবং প্রত্যেক পক্ষ তাঁহার বা তাহাদের $\frac{১}{৩}$ অংশে ২৫৯৩৩,টাকা মূল্যের সম্পত্তি পাইবার হকদার হইতেছেন। কিন্তু প্রথম পক্ষ ~~২৫৮৭৩,টাকা~~ (২৫৬৮৫-৫০ পঃ টাকা) মূল্যের সম্পত্তি পাওয়ায় ২৪৭ -৫০ পঃ টাকা মূল্যের সম্পত্তি কম পাইয়াছেন। দ্বিতীয় পক্ষ একত্রে ২৫৯১০,টাকা মূল্যের সম্পত্তি পাওয়ায় তাঁহারা ২৩,টাকা মূল্যের সম্পত্তি কম পাইয়াছেন এবং তৃতীয় পক্ষ ২৬২০৩ -৫০ পঃ টাকা মূল্যের সম্পত্তি পাওয়ায় মোট ২৭০ -৫০ পঃ টাকা মূল্যের সম্পত্তি বেশী পাইয়াছেন, সুতরাং সকল পক্ষ গনের প্রাপ্ত সম্পত্তির মূল্য সমানী করনের জন্য তৃতীয় পক্ষ প্রথম পক্ষকে ২৪৭ -৫০ পঃ টাকা ও দ্বিতীয় পক্ষকে ২৩,টাকা ওয়েলটি মানি বা কম্পেনসেসান বাবদ দিবেন। উক্ত ওয়েলটি মনির টাকা তৃতীয় পক্ষ অদ্য হইতে এক মাসের মধ্যে পরিশোধ করিতে বাধ্য থাকিলেন।

অত্র পার্টিশান বা বন্টন নামা দলিলের অরিজিনাল দলিলটি প্রথম পক্ষ সকলের মধ্যে বয়োজ্যেষ্ঠ বিধায় তাঁহার নিকট রাখিবেন। অন্য পক্ষ গণ আবশ্যক মতে রেজেষ্ট্রি অফিস হইতে উহার সার্টিফায়েড কপি লইবেন। যদি উক্ত অরিজিনাল দলিলটি কোনও পক্ষের অফিস আদালত আদিতে - প্রদর্শন করাইবার আবশ্যক হয় বা নিজেদের বা তাহাদের মনোনীত - ব্যক্তির দেখার আবশ্যক হয় তাহা হইলে প্রথম পক্ষকে পূর্ব্ব হইতে লিখিত নোটিশ দিয়া জানাইলে তিনি পক্ষ গনের আবশ্যক মত উহা দেখাইবেন।

Scanned with CamScanner

Jayanta Kumar Roy Chowdhury
Basanti Debi
Subal Ch. Roy Chowdhury

পার্টিশান কৃত সম্পত্তির খাজনা ট্যাক্স ইত্যাদি যাহা কিছু দেয় হইতেছে তাহা আজ পর্যন্ত এজমালিতে অংশ মত সকল পক্ষ গণ আদায় দিবেন। পরবর্তী কালের খাজনা ট্যাক্স ইত্যাদি যাহা পক্ষ গনের প্রাপ্ত সম্পত্তির উপর পৃথক পৃথক ভাবে এ্যাসেস হইবে তাহা পৃথক পৃথক ভাবে আদায় দিবেন। এক পক্ষের দেয় খাজনা ট্যাক্সের জন্য অপর কোনও পক্ষ দায়ী থাকিবেন না।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় আমরা সকল পক্ষ গণ অত্র বন্টন নামা বা পার্টিশান দলিলের সকল মর্ম ও সর্ত ভাল রূপে পড়িয়া ও পড়াইয়া বুঝিয়া ও তাহাতে সম্মত ও বাধ্য থাকিয়া এবং ইহা আমাদের সকলের হিতার্থে হইতেছে ইহা বুঝিয়া ও দ্বিতীয় পক্ষের হিতাকাংখী আত্মীয় স্বজনের সমক্ষে ও মধ্যস্থতায় ও পরামর্শে আমরা সকল পক্ষ গণ অত্র বন্টন নামা দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তারিখ ২২ শে পৌষ ১৩৭৬ সাল ইংরাজী ১৯৭০ সালের ৭ই জানুয়ারী।

।ক। তপশীল প্রথম পক্ষশ্রী নেপাল চন্দ্র রায় চৌধুরীর ১/৩ অংশে প্রাপ্ত সম্পত্তির পরিচয় ও মূল্য -

জেলা ২৪ পরগণা থানা বেহালা সবরেজেষ্ট্রি আলিপুর সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অনুর্গত মৌজা সারকেলাট গ্রামে রিভিসনাল সেটেলমেন্টের -

৬১৮, ৬১৯, ৬২০ ও ৬২১ নং খতিয়ানে লিপিবদ্ধ $\frac{১৩০}{৮৪৫}$ নং দাগের রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট বাগান জমি যাহা আলিপুর ২য় সবজজ আদালতের ১৯৪৪ সালের ১৫৫নং দেওয়ানী পার্টিশান মোকদ্দমার ডিক্রি সংলগ্ন ২ নং ম্যাপে প্রদর্শিত ১১ নং প্লট ও উহার দক্ষিন দিকস্থ খাস খরিদা জমি হইতেছে উক্ত জমির দক্ষিন পশ্চিম কোনে /২॥৵০ জমি যাহা দ্বিতীয় পক্ষকে দেওয়া হইল উহা ও উক্ত জমির পূর্ব্বাংশে এবং কমন প্যাসেজের দক্ষিন পূর্ব্ব কোন সংলগ্ন একটুকরা ৵০ দুই ছটাক পরিমিত জমি যাহা তৃতীয় পক্ষকে দেওয়া হইল উহা ও উক্ত জমির মধ্য দিয়া রক্ষিত ১৬ ফুট প্রশস্থ কমন প্যাসেজের জমি বাদে বক্রি মোট ১৮।৶৩১ আঠার কাঠা ছয় ছটাক একত্রিশ স্কোয়ার ফিট জমি সায় সাজ পাট আগ্নাতাদি বৃক্ষাদি দক্ষিনের প্রাচীর সায় সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত সায় উক্ত জমির সংলগ্ন যাবতীয় কমন প্যাসেজের উপর দিয়া জগৎ চৌধুরী রোড হইতে যাতায়াত করিবার ও উহার উপর বা তল দিয়া জলের পাইপ, ড্রেন, ইলেকট্রিক লাইন ইত্যাদি লইবার স্বত্ব সমেত দরবস্তু হক হুকুক যাহা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য ১নং নকসায় 'এ' অক্ষর ও লাল রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইয়াছে — ইহাই প্রথম পক্ষ তাঁহার $\frac{১}{৩}$ অংশে পৃথক চিহ্নিত ভাবে প্রাপ্ত হইলেন। ইহার এবং কমন প্যাসেজের দরুন জমির বার্ষিক হারাহারি খাজনা ৩ —২৫ পঃ টাকা বড়িশা জে, এল, আর, ও অফিসে আদায় দিতে হয়। ইহার মূল্য ২৫৬৮৫ —৫০ পঃ টাকা ।

।ক। তপশীল লিখিত ১৮।৶৩১ স্কোয়ার ফিট জমি সায় তাহার মধ্য দিয়া রক্ষিত ১৬ ফুট চওড়া কমন প্যাসেজ সমেত প্রথম পক্ষের মোট জমির চৌহদ্দিঃ —

Scanned with CamScanner

উত্তরঃ — শ্রীমতী নীহার বালা দেবী ও ৺হারান চন্দ্র ও ৺রাখাল চন্দ্র রায়

চৌধুরীর জমি।

পূর্ব্বঃ — কমন প্যাসেজ।

দক্ষিনঃ— শ্রী মুরলীধর ও অখিলেশ্বর ভট্টাচার্য্যের জমি।

পশ্চিমঃ— কতকাংশে এজমালি ড্রেন ও কতকাংশে দ্বিতীয় পক্ষের প্রাপ্ত /২৷৷৵০ দুই কাঠা দশ ছটাক জমি।

**।খ। তপশীল**

দ্বিতীয় পক্ষ শ্রী প্রশান্ত কুমার রায় চৌধুরী, শ্রী জয়ন্ত কুমার রায় চৌধুরী ও শ্রীমতী বাসন্তী দেবীর একত্রে $\frac{১}{৩}$ অংশে প্রাপ্ত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দিঃ —

জেলা ২৪ পরগণা থানা বেহালা সবরেজেষ্ট্রি আলিপুর সাউথ — সুবারবন মিউনিসিপ্যালিটির অনুর্গত মৌজা সারকেলাট গ্রামে রিভিসনাল সেটেলমেন্টের ৬০৬,৬০৭, ৬০৮,ও ৬০৯ নং খতিয়ানে লিপিবদ্ধ ১৩৩ ও $\frac{১৩৩}{৮৪১}$ নং দাগের ৪নং বিধি মতে অকৃষি প্রজাই সত্ত্বের নিষ্কর পুকুর ও বাস্তু জমি যাহা আলিপুর ২য় সবজজ আদালতের ১৯৪৪ সালের ১৫৫নং দেওয়ানী মোকদ্দমার ডিক্রী সংলগ্ন ১নং ম্যাপে প্রদর্শিত ১০নং ও ৯নং প্লটের পুকুর ও বাস্তু জমি হইতেছে উক্ত জমির মধ্যে ৯নং প্লটের পূর্ব্বাংশের সীতাপতির দখলী ঘরের জমি জমি বাদে /২৷৵১৪ দুই কাঠা চৌদ্দ ছটাক চৌদ্দ স্কোয়ার ফিট পরিমান বাস্তু জমি ও তদুপরিস্থিত পাকা দ্বিতল ইমারত — বাস্তু বাটীর অংশ এবং ১০নং প্লটের দক্ষিনাংশে /৪৷৷৵৯ চারি কাঠা —

এগার ছটাক নয় স্কোয়ার ফিট পরিমান পুষ্করিনী জমি ও ঐ মোকদ্দমার ডিক্রী সংলগ্ন ২নং ম্যাপের দক্ষিনাংশে প্রদর্শিত ৫,৬ ও ৭নং বিবাদীগনের খরিদা খাস দখলী বাগান জমির মধ্য হইতে উহার দক্ষিন পশ্চিম কোনে অবস্থিত ৴২৷৷৵০ দুই কাঠা দশ ছটাক পরিমান বাগান জমি এই তিন বন্দে একুনে ৷৷০৶২৩ দশ কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফিট জমি সায় - তদুপরিস্থিত সাজ পাট বৃক্ষাদি আওলাতাদি সায় উক্ত জমির সংলগ্ন যাবতীয় কমন প্যাসেজের উপর দিয়া জগৎ রায় চৌধুরী রোড হইতে যাতায়াত - করিবার ও উহার উপর বা তল দিয়া জলের পাইপ, ড্রেণ ও ইলেকট্রিক লাইন ইত্যাদি লইবার স্বত্ব সমেত সায় অন্যান্য সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্ত হক হকুক যাহা অত্র দলিলের একাংশীভুক্ত ১নং ও ২নং ও ৩নং নক্সায় 'বি' অক্ষর ও সবুজ রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইয়াছে - ইহাই দ্বিতীয় পক্ষ অর্থাৎ ২,৩ ও ৪নং দলিল দাতাগণ একত্রে যৌথ ভাবে অংশে তাঁহাদের মোট $\frac{১}{৩}$ অংশে পৃথক চিহ্নিত ভাবে প্রাপ্ত হইলেন। উপরি উক্ত ৴২৷৷৵০ জমি বাগান জমি ও তৎসংলগ্ন কমন প্যাসেজের জমির দরুন হারাহারি বার্ষিক খাজনা ১-১০ পঃ টাকা বড়িশা জে, এল, আর,ও, অফিসে আদায় দিতে হয়। ইহার মূল্য ২৫৯১০, টাকা। ইহার চৌহদ্দিঃ - ৯নং প্লটের পূর্ব্ব অংশ -

উত্তরঃ - ১৬' ফুট চওড়া কমন প্যাসেজ।

পূর্ব্বঃ - কতক সীতাপতির জমি ও গৃহাদি ও কতক কমন প্যাসেজ।

দক্ষিনঃ - শৈলেন্দ্র নাথ রায় চৌধুরী দিগেরর জমি আটী।

পশ্চিমঃ - উক্ত ৯নং প্লটের তৃতীয় পক্ষের অংশে প্রাপ্ত জমি ওবাটী।

Scanned with CamScanner

Pramila Kumar Roy Chowdhury
Jyanti Kumar Roy Chowdhury
Basanti Debi
Sukul Ch. Roy Chowdhury

১০নং প্লটের দক্ষিনাংশ ঃ –

উত্তরঃ – ঐ ১০নং প্লটের তৃতীয় পক্ষের প্রাপ্ত অংশ।

পূর্ব্বঃ – কে, কে, রায় চৌধুরী রোড ওরফে রায় চৌধুরী রোড।

দক্ষিনঃ –৮'ফুট প্রসস্থ কমন প্যাসেজ, তৎপরে ৭নং প্লট।

পশ্চিমঃ –৮'ফুট প্রসস্থ কমন প্যাসেজ, তৎপরে ৮ ও ৯নং প্লট।

পক্ষ গণের খাস খরিদা বাগান জমির
দক্ষিন পশ্চিম অংশঃ –

উত্তরঃ – ১৬'ফুট চওড়া কমন প্যাসেজ।

পূর্ব্বঃ – প্রথম পক্ষের অংশে প্রাপ্ত এই প্লটের জমি।

দক্ষিনঃ– সতীন্দ্র মোহন বন্দোপাধ্যায়ের জমি।

পশ্চিম –৪'ফুট চওড়া ড্রেন।

।গ। তপশীল

তৃতীয় পক্ষ শ্রী সুবল চন্দ্র রায় চৌধুরীর $\frac{১}{৩}$ অংশে
প্রাপ্ত সম্পত্তির পরিচয় ও মূল্য –

জেলা ২৪ পরগণা থানা বেহালা সবরেজেষ্ট্রি আলিপুর সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অন্তর্গত মৌজা সারকেলাট গ্রামে রিভিসনাল সেটেলমেন্ট ৬০৬, ৬০৭, ৬০৮, ও ৬০৯ নং খতিয়ানের লিপিবদ্ধ ১৩৩ ও $\frac{১৩৩}{৮৪১}$ নং দাগের ৪নং বিধি মতে অকৃষি প্লট সৃষ্টের নিস্কর পুকুর ও বাস্তু জমি যাহা আলিপুর ২য় সাবজজ আদালতের ১৯৪৪ সালের ১৫৫নং দেওয়ানী –

"পার্টিশান" মোকদ্দমার ডিক্রী সংলগ্ন ১নং ম্যাপে প্রদর্শিত ১০ নং ও ৯নং প্লটের পুকুর ও বাস্তু জমি হইতেছে, উক্ত জমির মধ্যে ৯নং প্লটের পশ্চিমাংশে ১৩।৵৪১ তিন কাঠা সাত ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট পরিমান বাস্তু জমি ও তদুপরিস্থিত পাকাখিলান ইমারত বাস্তু বাটীর অংশ এবং ১০নং প্লটের 'পুষ্করিনী' উত্তরাংশে ১৪৷২৯ চারি কাঠা বারো ছটাক উনত্রিশ স্কোয়ার ফিট পরিমান পুষ্করিনী গর্ত জমি ও পার্টিশান ডিক্রির ২নং ম্যাপের ১১ নং প্লট ও খাস খরিদা জমির পূর্ব্বাংশে ঐ প্লটের কমন প্যাসেজের দক্ষিন পূর্ব্ব কোনে অবস্থিত এক টুকরা ৵০ দুই ছটাক পরিমিত জমি এই তিন বন্দে একুনে ।৩।৶২৫ পাঁচ কাঠা ছয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি সায় তদুপরিস্থিত সাজ গাছ আওলাতাদি বৃক্ষাদি সমেত সায় সর্ব্ববিধ ইজমেন্ট সুত্তাদি সমেত দখলস্বত্ব হক হকুক যাহা অত্র দলিলের একাংশীভুক্ত ১,২ ও ৩ নং নকসায় 'সি' অক্ষর ও হরিদ্রা রং এর বর্ডার দ্বারা প্রদর্শিত হইয়াছে -ইহাই তৃতীয় পক্ষ তাঁহার $\frac{১}{৩}$ অংশে পৃথক চিহ্নিত ভাবে প্রাপ্ত হইলেন । উপরি উক্ত বাগান জমির ৵০ দুই ছটাক পরিমান জমি ও তৎসংলগ্ন কমন প্যাসেজের জমির দরুন হারাহারি খাজনা বার্ষিক -১০ পয়সা হিসাবে বড়িষা জে, এল, আর,ও, অফিসে আদায় দিতে হয় । ইহার মূল্য ২৬২০৩ -৫০ পঃ টাকা ধার্য্য হইল । - উহার চৌহদ্দিঃ -

৯নং প্লটের পশ্চিমাংশঃ-

উত্তর ঃ - ১৬ ফুট চওড়া কমন প্যাসেজ ।

পূর্ব্বঃ - দ্বিতীয় পক্ষের অংশে প্রাপ্ত এই প্লটের জমি ও বাড়ী ।

২০

[illegible] Roy Chowdhury

[illegible] Kumar Roy Ch.

[illegible] Kumar Roy Chowdhury

Basanti Debi

Subal Ch. Roy Chowdhury

দক্ষিনঃ— ঐ শৈলেন্দ্র রায় চৌধুরী দিগেরের জমি ও বাড়ী ।

পশ্চিমঃ— দুই ফুট ড্রেন ও পরে মুরলী ধর ভট্টাচার্য্যের জমি ।

১০নং প্লটের উত্তরাংশ

উত্তরঃ — ১৬'ফুট চওড়া কমন প্যাসেজ ।

পূর্ব্বঃ — জগৎ রায় চৌধুরী রোড ।

দক্ষিনঃ — ঐ ১০নং প্লটের দ্বিতীয় পক্ষের প্রাপ্ত অংশ ।

পশ্চিমঃ— ৮'ফুট কমন প্যাসেজ পরে ৯নং প্লটের ২য় পক্ষের প্রাপ্ত অংশ ও সীতাপতির জমি ও ঘর ।

১১নং প্লটের বাগান জমির পূর্ব্বাংশে

উত্তরঃ — কমন প্যাসেজ ।

পূর্ব্বঃ — তৃতীয় পক্ষের প্রাপ্ত ৯নং প্লটের জমি ।

দক্ষিনঃ— তৃতীয় পক্ষের প্রাপ্ত ৯নং প্লটের জমি ।

পশ্চিমঃ— বাগান প্লটের প্রথম পক্ষের অংশে প্রাপ্ত জমি ।

নো:— অত্র দলিলের ১৩ পৃষ্ঠার ৪ লাইনে আছে "২৫৮৭৩ [illegible]" [illegible] "২৫৬৮৫ [illegible] টাকা" [illegible] ।

ইসাদিঃ — [illegible] Chowdhury

শ্রী উপেন্দ্র নাথ রায় চৌধুরী
সাং বড়িশা

শ্রী কমল রায় চৌধুরী
২৮. কে. কে. রায় চৌধুরী রোড
বড়িশা — কলি:-৮.

শ্রী [illegible] রায় চৌধুরী
সাং বড়িশা

শ্রী সীতাপতি মুখোপাধ্যায়
সাং বড়িশা

শ্রী [illegible] রায় চৌধুরী — বড়িশা, কলি: ৮

টাইপ কারক
শ্রী [illegible]
আলিপুর জজ কোর্ট —

Scanned with CamScanner

Book No. I
Volume No. 21
Pages 70 to 83
Being No. 847
for the Year 1970

N. 3.50 P.
0.50
Rs 4.00
Paid
8/4/70

OFFICE OF THE JOINT SUB-REGISTRAR OF ALIPORE AT BEHALA, 24 PARGANAS

Joint Sub-Registrar of
Allpore at Behala.
8/4/70

OFFICE OF THE JOINT SUB-REGISTRAR OF ALIPORE AT BEHALA, 24 PARGANAS

Joint Sub-Registrar of
Allpore at Behala.
8/3/70

Scanned with CamScanner